দৈনিক বাংলা

তারিখ 09 SEP 1994
পৃষ্ঠা ৭ কলাম ৭

নগরীর বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান পরিদর্শন

# একটি শিশুকেও স্কুলের বাইরে রাখবেন নাঃ খালেদা জিয়া

প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বৃহস্পতিবার ঢাকা শহরের উপকণ্ঠে উত্তরার কাছে কয়েকটি স্কুল ও কলেজ পরিদর্শন করেন। শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে পড়াশোনার অবস্থা স্বচক্ষে দেখার জন্য তিনি সেখানে যান। খবর বাসস'র।

পরিদর্শনের সময় প্রধানমন্ত্রী শিক্ষা ও উপস্থিতি সম্পর্কে ছাত্র ও শিক্ষকদের কাছে জানতে চান। প্রধানমন্ত্রী প্রথমে দক্ষিণখানে কাঁচকুরা সরকারী প্রাথমিক বিদ্যালয়ে যান এবং শ্রেণীকক্ষে প্রবেশ করেন। স্বাভাবিকভাবেই এটা ছিল তৃতীয় শ্রেণীর ছোট ছোট ছেলেমেয়েদের কাছে একটি বিস্ময়। দেশের প্রধানমন্ত্রীকে তাদের ক্লাসে দেখে তারা দাঁড়িয়ে তাঁর প্রতি সম্মান জানায়।

প্রধানমন্ত্রী ক্লাসের আখি, সুরমা, সীমা, সোলাইমান, জহিরুল ইসলাম ও শারমিন আখতারের সঙ্গে আন্তরিকভাবে কথা বলেন এবং তাদের পড়াশোনা সম্পর্কে জানতে চান।

বেগম খালেদা জিয়া ছাত্র ও শিক্ষকরা নিয়মিত স্কুলে আসেন কিনা সে সম্পর্কে বিদ্যালয় কর্তৃপক্ষের কাছে খোঁজ নেন। স্কুলের সময় ও ছাত্রদের বাড়ির কাজ সম্পর্কেও তিনি জানতে চান।

প্রধানমন্ত্রী ক্লাসে কয়েকজন ছাত্র–ছাত্রীর হাতের লেখা দেখেন এবং কয়েকজনকে বোর্ডে অংক করতে বলেন। কয়েকজন ছাত্র প্রধানমন্ত্রীকে তাদের পাঠ্য বই থেকে কবিতা আবৃত্তি করে শোনায়। অপর একটি ক্লাসে প্রধানমন্ত্রী ছাত্রদের পাশে বেঞ্চে বসেন এবং তাদের সঙ্গে কথা বলেন। প্রধান মন্ত্রী একজন ছাত্রীকে হাত বুলিয়ে আদর করেন এবং তার পড়া সম্পর্কে জানতে চান।

তিনি শিক্ষকদের কক্ষেও যান এবং হাজিরা খাতা পরীক্ষা করেন। প্রধানমন্ত্রী সেখানে (৮–এর পৃঃ ৭–এর কঃ দ্রঃ)

প্রথম পৃষ্ঠার পর

## স্কুলের বাইরে রাখবেন নাঃ খালেদা জিয়া

কয়েকজন ছাত্রের অনিয়মিত উপস্থিতি লক্ষ্য করেন। অনুপস্থিতির কারণ সম্পর্কে তিনি তাদের কাছে জানতে চান।

বিদ্যালয়ের সকল ছাত্র যাতে নিয়মিত স্কুলে আসে সেদিকে লক্ষ্য রাখার জন্য তিনি শিক্ষকদের নির্দেশ দেন। তিনি বলেন, প্রয়োজনে শিক্ষকদের ছাত্রের বাড়ি যেতে হবে এবং এব্যাপারে ছাত্রদের অভিভাবকের সঙ্গে কথা বলতে হবে।

প্রধানমন্ত্রী পরে কাচকুরা কলেজ ও কাচকুরা হাই স্কুল পরিদর্শন করেন কাচকুরা কলেজের ছাত্ররা কলেজটির জরাজীর্ণ অবস্থাসহ বিভিন্ন সমস্যা প্রধানমন্ত্রীকে অবহিত করে। কলেজটির উন্নয়নের জন্য ব্যবস্থা নেয়া হবে বলে তিনি তাদের আশ্বাস দেন। তিনি কলেজ ও স্কুলের ছাত্র–ছাত্রীদের পড়াশোনায় মনোযোগী হবার পরামর্শ দেন।

কাচকুরায় প্রধানমন্ত্রীর আসার খবর পেয়ে পার্শ্ববর্তী গ্রামসমূহের শত শত লোক কাচকুরা স্কুলের মাঠে ভিড় জমায় পরে এটি একটি বড় সমাবেশে পরিণত হয়।

গ্রামবাসীদের উদ্দেশে এক ভাষণে প্রধানমন্ত্রী তাদের ছেলেমেয়েদের নিয়মিত স্কুলে পাঠাতে এবং তাদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার জন্য তাদের প্রতি আহবান জানান। তিনি কোন শিশুকে শিক্ষাগ্রহণ থেকে দূরে না রাখার জন্য তাদের পরামর্শ দেন।

প্রধানমন্ত্রী উত্তরা আনোয়ারা মডেল ডিগ্রী কলেজে যান এবং ছাত্রদের মনোযোগের সঙ্গে লেখাপড়া চালিয়ে যাবার জন্য পরামর্শ দেন এবং বলেন, ভবিষ্যতে ছাত্রদের দেশ পরিচালনার দায়িত্ব গ্রহণ করতে হবে। কামরুল ইসলাম এমপি ও রওশন এলাহী এমপি প্রধানমন্ত্রীর সঙ্গে ছিলেন।